

রংপুর নার্সিং কলেজে
যৌন হয়রানির
প্রতিবাদে
অনিদিষ্টকালের
ক্রাস বর্জন

স্টাফ রিপোর্টার, রংপুর । রংপুর মেডিক্যাল কলেজ ক্যাম্পাসে অবস্থিত রংপুর নার্সিং কলেজে যৌন হয়রানির শিকার হয়েছে তৃতীয় বর্ষের এক শিক্ষার্থী নার্স। এ ঘটনার প্রতিবাদে এবং দোষীদের খুঁজে দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে রবিবার শিক্ষার্থীরা অধ্যক্ষের কার্যালয়, ঘেরাও ও ক্যাম্পাসে বিক্ষোভ করে। অবিলম্বে তাদের বিচারের আওতায় আনার দাবিতে অনিদিষ্টকালের জন্য তারা ক্রাস বর্জন করেছে।

জানা গেছে, শনিবার রাতে নার্সিং কলেজের এক শিক্ষার্থী হোস্টেলের বাথরুমে যায়। এ সময় বাইরে থেকে কে বা কারা বাথরুমের ডেইলিটের খিয় তার শরীরে হাত দেয়। তৎক্ষণিক এই শিক্ষার্থী চিৎকার দিলে দৃষ্টান্তকারীরা পালিয়ে যায়। এরই প্রতিবাদে শিক্ষার্থীরা রবিবার অধ্যক্ষের কক্ষে গিয়ে বিষয়টির প্রতিকার দাবি করে। এক পর্যায়ে তারা সেখানে অধ্যক্ষকে অবরুদ্ধ করে বিক্ষোভ করে।